

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৭৯-আইন/২০১১/৬০২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র বিভাগের ১১ কার্তিক, ১৪০৭ বাং মোতাবেক ২৬ অক্টোবর, ২০০০ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩২৬-আইন/২০০০/২৯৫-মূসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত (খ) এ উল্লিখিত “৩০শে জুন, ২০১১” সংখ্যাগুলি, শব্দ ও কমার পরিবর্তে “৩০ জুন, ২০১৩” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী ]  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)